গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
অর্থ শাখা
গাইড হাউজ (৭ম ও ১০ম তলা)
নিউ বেইলি রোড, ঢাকা-১০০০

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০২.০৮.০১৯.২৬- ১৭০ তারিখ: ০৪ শ্রাবণ, ১৪৩৩ বঙ্গাব্দ
১৯ জুলাই, ২০২৬ খ্রি.

বিষয়: মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতাধীন এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীগণের বেতন ভাতা EFT এর মাধ্যমে প্রদানের লক্ষ্যে অনলাইনে তথ্য সংশোধন/হালনগাদ ও সংরক্ষণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতাধীন এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীগণের এমপিও-এর অর্থ বিতরণ সহজীকরণ ও আর্থিক ব্যবস্থাপনার স্বচ্ছতা নিশ্চিতকরণের লক্ষ্যে শিক্ষক-কর্মচারীগণের এমপিও-এর অর্থ EFT-এর মাধ্যমে G2P পদ্ধতিতে সরাসরি নিজ ব্যাংক একাউন্ট নম্বরে প্রেরণের কার্যক্রম চলমান রয়েছে। তৎপ্রক্ষিতে অনলাইন এমপিও সিস্টেমের প্রয়োজনীয় আপগ্রেডেশনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এমপিও-এর অর্থ EFT-এর মাধ্যমে প্রেরণের ক্ষেত্রে এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীগণের তথ্যসমূহ আবশ্যিকভাবে সঠিক থাকতে হবে।

শিক্ষক-কর্মচারীগণের তথ্যাদি সংযুক্ত ছক অনুযায়ী পূরণপূর্বক স্বাক্ষর করে প্রতিষ্ঠান প্রধানের নিকট জমা ও সফটকপি নিজ দায়িত্বে সংরক্ষণ করবেন। প্রতিষ্ঠান প্রধানগণ তথ্যসমূহ সংগ্রহ ও সংরক্ষণ করবেন। উল্লেখিত ছকের তথ্যসমূহ প্রতিষ্ঠান প্রধানগণের মাধ্যমে অনলাইনে সংগ্রহের জন্য মাদ্রাসা শিক্ষাঅধিদপ্তরের ওয়েবসাইটে সফটওয়্যারের লিংকসহ প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হবে। **সকল তথ্য সঠিক না থাকলে EFT এর মাধ্যমে প্রেরিত এমপিও-এর অর্থ শিক্ষক-কর্মচারীগণের ব্যাংক একাউন্টে জমা হবে না।**

এমতাবস্থায়, সংযুক্ত ছকের তথ্যসমূহ সঠিকভাবে সংগ্রহ করে আগামী ৩১/০৮/২০২৬ তারিখের মধ্যে প্রস্তুত রাখার জন্য মাদ্রাসার অধ্যক্ষ/সুপার ও শিক্ষক-কর্মচারীগণকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি:- ছক (১ পাতা)

১৯/৭/২০২৬

মুহাম্মদ মোজাম্মেল হোসেন খান
পরিচালক (প্রশাসন ও অর্থ)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

অধ্যক্ষ/সুপার
এমপিওভুক্ত বেসরকারি মাদ্রাসা, (সকল)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
আটোয়ারী, পঞ্চগড়।
www.seo.atwari.panchagarh.gov.bd

স্মারক নং- উ:মা:শি:অ:কা/আটো/পঞ্চ/২০২৬/ ৭২৫ তারিখ- ০৫ শ্রাবণ ১৪৩৩ ব.
২০ জুলাই ২০২৬ খ্রি.।

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ**

অধ্যক্ষ/সুপার, ........................................................................ মাদ্রাসা, আটোয়ারী, পঞ্চগড়।

(উপরোক্ত পত্রের নির্দেশনা অনুযায়ী আপনার প্রতিষ্ঠানের এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীগণের বেতন ভাতা EFT এর মাধ্যমে প্রদানের লক্ষ্যে অনলাইনে তথ্য সংশোধন/হালনাগাদ ও সংরক্ষণ নিমিত্ত সংযুক্ত ছক মোতাবেক প্রয়োজনীয় তথ্য এবং কাগজপত্রাদি আগামী ৩১/০৮/২০২৬ খ্রি. তারিখের মধ্যে সংগ্রহ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।)

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে:**

১। উপজেলা নির্বাহী অফিসার, আটোয়ারী, পঞ্চগড়।
২। জেলা শিক্ষা অফিসার, পঞ্চগড়।
৩। অফিস কপি।

২০.০৭.২০২৬

(লুৎফুল কবির মোঃ কামরুল হাসান)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
আটোয়ারী, পঞ্চগড়।
ফোন: 02588878830
Email: atwariuseo.bd@gmail.com

মাদ্রাসার নাম ও EIIN:
মাদ্রাসার অধ্যক্ষ/সুপার মোবাইল নং:

**মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের অধীনস্ত এমপিওভুক্ত জনবলের বেতন ভাতা EFT এর মাধ্যমে প্রেরণের জন্য শিক্ষক/কর্মচারীর প্রয়োজনীয় তথ্য সংগ্রহ ফরম (প্রত্যেকের জন্য পৃথক পৃথক ফরম পুরণ করতে হবে)**

| ক্রম: | বিবরণ | |
|---|---|---|
| ১ | ইনডেক্স নং (ইংরেজিতে) : (এমপিও শিট অনুসারে Prefix-সহ) | |
| ২ | ( সকল তথ্য জাতীয় পরিচয়পত্র অনুসারে দিতে হবে ) | |
| | আবেদনকারীর নাম-ইংরেজিতে : | |
| | আবেদনকারীর নাম-বাংলায়: | |
| | পিতার নাম- ইংরেজিতে: | |
| | পিতার নাম- বাংলায়: | |
| | মাতার নাম-ইংরেজিতে: | |
| | মাতার নাম- বাংলায়: | |
| ৩ | জন্মতারিখ (ইংরেজিতে): DD/MM/YYYY<br>এমপিও কপি, জাতীয় পরিচয়পত্র জন্ম তারিখ ও দাখিল/সমমান সনদ একই হতে হবে ) | |
| ৪ | জাতীয় পরিচয়পত্র নম্বর (ইরেজিতে):<br>( ১০ ডিজিট/ ১৭ ডিজিট)<br>(বিঃ দ্রঃ জাতীয় পরিচয়পত্র ১৩ ডিজিটের হলে জন্ম সালের ৪ ডিজিট পূর্বে সংযোজন পূর্বক ১৭ ডিজিট করতে হবে) | |
| ৫ | মোবাইল নম্বর (ইংরেজিতে):<br>নিজ জাতীয় পরিচয়পত্র দ্বারা নিবন্ধিত হতে হবে। | |
| ৬ | পদবী (ইংরেজিতে) : | |
| ৭ | বিষয় ( না থাকলে "Null" লিখিতে হবে) (ইরেজিতে) : | |
| ৮ | বেতন কোড: (ইংরেজিতে) : | |
| ৯ | যোগদানের তারিখ: (ইংরেজিতে) : (DD/MM/YYYY) | |
| ১০ | ১ম এমপিও'র তারিখ- (ইংরেজিতে) : (DD/MM/YYYY) | |
| ১১ | ব্যাংকের তথ্যাদি (ইংরেজিতে):<br>(ক) ব্যাংকের নাম:<br>(বর্তমানে যে ব্যাংক হতে এমপিও উত্তোলন করা হয় ) | |
| | (খ) শাখার নাম:<br>(যে শাখায় প্রতিষ্ঠানের বেতন হয়) | |
| | (গ) ব্যাংক হিসাবের নাম- (ইংরেজিতে) :<br>(জাতীয় পরিচয়পত্র অনুযায়ী) | |
| | (ঘ) ডিজিটাল ব্যাংক একাউন্ট নম্বর (ইংরেজিতে) : | |
| | (ঙ) শাখার রাউটিং নম্বর (ইংরেজিতে): | |

এই মর্মে প্রত্যয়ন করছি যে, উক্ত তথ্য আবেদনকারী কর্তৃক পূরণকৃত এবং তথ্য সঠিক আছে।

আবেদনকারীর স্বাক্ষর

প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর

**( সংযুক্তি- NID- ফটোকপি, প্রথম ও সর্বশেষ এমপিও ফটোকপি, ব্যাংক চেক বইয়ের প্রথম পাতার (কাভার পেজ) ফটোকপি )**

**(নামের ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র ও দাখিল/সমমান সনদ একই হতে হবে (ইংরেজিতে))**

CS CamScanner